


বিজ্ঞপ্তি

পশ্চিম মেদিনীপুর জেলার খড়্গপুর মহকুমার অন্তর্গত সবং ব্লকের অন্তর্গত দশগ্রাম জিপির পাটনা কেন্দ্রে শূন্য পদ “আশাকর্মী” শূন্য পদ পূরণের জন্য উপযুক্ত মহিলা প্রার্থীদের আবেদন পত্র নেওয়া হবে,

২২-০৯-২০১৭ থেকে ২৭-১০-২০১৭ তারিখের মধ্যে ছুটির দিন বাদে প্রত্যহ বেলা ১১ টা থেকে ৩টা পর্যন্ত আবেদন পত্র সবং সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়ে (বি.ডি.ও. অফিসে) সরাসরি বা রেজিষ্টার ডাক যোগে জমা দেওয়া যাবে।

প্রার্থী যোগ্যতাবলী, শূন্যপদের সংখ্যা (এলাকা ভিত্তিক), অগ্রাধিকার, ইত্যাদি তথ্য, সংশ্লিষ্ট বি.ডি.ও.(B.D.O.) / বি. এম.ও. এইচ (B.M.O.H.) মহাশয়ের অফিসে পাওয়া যাবে।



সদস্য সচিব

মহকুমা স্তরীয় “আশাকর্মী” নিয়োগ কমিটি
খড়্গপুর, পশ্চিম মেদিনীপুর

বিজ্ঞপ্তি

এতদ্বারা খড়গপুর মহকুমার সবেং ব্লকের অধিবাসীদের জ্ঞাতার্থে প্রচারিত হচ্ছে যে সংশ্লিষ্ট ব্লকের অন্তর্গত দশগ্রাম জিপির পাটনা কেন্দ্রে আশাকর্মীর শূন্য পদ পূরন করা হবে। সেই জন্য যে সব মহিলাদের নিম্নবর্ণিত যোগ্যতাবলী আছে তারা ইচ্ছুক প্রার্থী হিসাবে আশাকর্মীর শূন্য পদের জন্য আবেদন পত্র জমা দিতে পারেন।

ক) যোগ্যতাবলী -

- ১) অবশ্যই বিবাহিত/বিবাহ বিচ্ছিন্না/বিধবা হবেন (বিবাহ বিচ্ছিন্নার ক্ষেত্রে সরকারী কাগজ লাগবে)।
- ২) অবশ্যই যে গ্রামের জন্য আশাকর্মী হিসাবে নিযুক্ত হবেন সেই গ্রামের বাসিন্দা হবেন।
- ৩) বয়স অবশ্যই ৩০ থেকে ৪০ বসরের মধ্যে হতে হবে। তপশিলী জাতি/তপশিলী উপজাতি মহিলাদের ক্ষেত্রে বয়সের নিম্নসীমা ২২ বছর হলে হবে (২০১৭ সালের ১লা এপ্রিলের বয়স গ্রহন যোগ্য বয়স হিসাবে ধরা হবে)।
- ৪) অবশ্যই মাধ্যমিক বা সমতুল্য মানের পরীক্ষার্থী।
- ৫) মহিলাগন যারা মাধ্যমিক পাশ বা আরও উচ্চতর শিক্ষার অধিকারিনী তারাও উপরোক্ত যোগ্যতাবলীর সাপেক্ষে প্রার্থী হতে পারবেন। তবে শুধুমাত্র মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় প্রাপ্ত নম্বরের গ্রহন যোগ্য হবে।

খ) কোন কোন প্রমাণ পত্র দিতে হবে বা আবশ্যিকভাবে দেখাতে হবে।

- ১) বসবাসের প্রমাণ হিসাবে ভোটার পরিচয় পত্র বা রেশন কার্ড (প্রত্যয়িত কপি আবেদনপত্রের সঙ্গে)।
- ২) মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার মূল নম্বর পত্র (প্রত্যয়িত কপি আবেদনপত্রের সঙ্গে)।
- ৩) বয়সের প্রমাণ হিসাবে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার Admit Card/জন্ম নিবন্ধন শংসাপত্র (প্রত্যয়িত কপি আবেদনপত্রের সঙ্গে)।

আবেদন পত্র গ্রহণের স্থান, তারিখ ও সময় -


আবেদনকারিনী যে ব্লকে বসবাস করেন, সেই ব্লক অফিসে ২২-০৯-২০১৭ তারিখ থেকে ২৭-১০-২০১৭ পর্যন্ত ছুটির দিন বাদে বেলা ১১.০০ থেকে ৩.০০ টা অবদি আবেদন পত্র সরাসরি বা রেজিস্টার ডাক যোগে জমা দিতে পারবেন।

এছাড়া আরও জানানো যায় যে এলাকায় জনসংখ্যার গরিষ্ঠ অংশ তপশিলী জাতি বা তপশিলী উপজাতি সম্প্রদায়ের লোক সেই এলাকায় "আশাকর্মী" নিয়োগের ক্ষেত্রে উক্ত সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। এছাড়া, গ্রেড-১ বা গ্রেড-২ প্রাপ্ত স্বসহায়ক দলের (S.H.G.) সদস্য/প্রশিক্ষিত দাই/লিঙ্ক কর্মীদের 'ক'এ বর্ণিত যোগ্যতাবলী সাপেক্ষে অগ্রাধিকার দেওয়া হবে।

তপশিলী জাতি / তপশিলী উপজাতি সম্প্রদায়ের ইচ্ছুক প্রার্থী বা প্রার্থীরা গ্রেড-১ বা গ্রেড-২ প্রাপ্ত স্বসহায়ক দলের সদস্য বা অন্যান্যদের থেকে অগ্রাধিকার পাবেন। এছাড়া অগ্রাধিকার প্রাপ্ত প্রার্থীরা যাবতীয় যোগ্যতাবলীর পূরণের সাপেক্ষে আশাকর্মীর শূন্যপদের জন্য নিয়োগের ক্ষেত্রে স্বাভাবিক ভাবে বিবেচিত হবে।

প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের খড়গপুর মহকুমা শাসকের অফিসে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। ঐ বিষয়ে তারিখ, সময় ও ব্লকের নাম পরে জানানো হবে। প্রাথমিকভাবে আশাকর্মীর শূন্যপদের জন্য নির্বাচিত প্রার্থীরা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৯০% হিসাবে এবং মৌখিক পরীক্ষায় ১০% হিসাবে মান্যতা পাবেন (Weightage)।

এছাড়া আবেদন পত্রের নমুনা কপি সংশ্লিষ্ট বি.ডি.ও (B.D.O.)/বি.এম.ও.এইচ. (B.M.O.H.) মহাশয়ের কার্যালয়ে পাওয়া যাবে।



সদস্য সচিব,

মহকুমা স্তরীয় আশা নিয়োগ কমিটি খড়গপুর
এবং মহকুমা শাসক খড়গপুর, পশ্চিম মেদিনীপুর